

প্রত্যয় স্কিম বাতিল চেয়ে শিক্ষকদের আন্দোলনকে অযৌক্তিক বললেন অর্থমন্ত্রী

অনলাইন ডেস্ক

০২ জুলাই ২০২৪, ০৪:৪৬ পিএম



অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। ফাইল ছবি

সর্বজনীন পেনশনের প্রত্যয় স্কিম বাতিলের দাবিতে চলমান বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আন্দোলন অযৌক্তিক বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। আজ মঙ্গলবার পরিকল্পনা মন্ত্রণালয়ে অর্থমন্ত্রীর অফিস কক্ষে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) দক্ষিণ, মধ্য ও পশ্চিম এশিয়ার ভাইস প্রেসিডেন্ট ইয়াংমিং ইয়ংয়ের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি এ মন্তব্য করেন।

প্রত্যয় স্কিম বাতিল চেয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের আন্দোলনের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে অর্থমন্ত্রী বলেন, ‘প্রত্যয় স্কিম নিয়ে শিক্ষকদের আন্দোলনের কোনো যুক্তি খুঁজে পাচ্ছি না।’

এডিবির সঙ্গে বৈঠকের ব্যাপারে তিনি বলেন, ‘প্রত্যাশার চেয়ে এশীয় উন্নয়ন ব্যাংক বেশি সহায়তা করছে।’

এর আগে গত রবিবার বিকেলে রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এইচএসসি ও সমমান পরীক্ষা নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, ‘সিদ্ধান্তটি (সর্বজনীন পেনশন) শিক্ষা মন্ত্রণালয়ের নয়। এটি অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত এবং সরকারের সার্বিক পলিসির ডিসিশনের একটি অংশ। ফলে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ এই সিদ্ধান্ত পরিবর্তন এবং এই সিদ্ধান্তের পক্ষে-বিপক্ষে কোনো মন্তব্য করা আপাতত সম্ভব নয়।’

তখন তিনি বলেন, ‘বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি হওয়া নিয়ে আমি এই মুহূর্তে কিছু বলছি না। তারা একটি কর্মসূচি ঘোষণা করেছেন। এই দেশ গণতান্ত্রিক দেশ, সেখানে সবারই রাজনৈতিক ও বাকস্বাধীনতার অধিকার আছে। এই অচলাবস্থা যদি আগামীকাল (সোমবার) থেকে শুরু হয়ে থাকে তাহলে আমরা পরিস্থিতি বিবেচনায় ব্যবস্থা নেব। পরিস্থিতি পর্যবেক্ষণ করেই পরবর্তী সিদ্ধান্তে আমরা যাব।’